

শ্যামনগর উপজেলা পরিষদের ১২তম মাসিক সভার কার্যবিবরণী মার্চ ২০২০(অংশ বিশেষ)

সভার সভাপতি : জনাব এস.এম.আতাউল হক চেয়ারম্যান

উপজেলা পরিষদ, শ্যামনগর, সাতক্ষীরা।

তারিখ ও সময় : ১৮.০৩.২০২০ খ্রিঃ, সকাল- ১০.৩০ মিনিট।

স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ।



“শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি”

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা-পরিশিষ্ট-“ক” দ্রষ্টব্যঃ

১। উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উপজেলা পরিষদের হলরুমটি জরাজীর্ণ অবস্থায় আছে। এছাড়া হলরুমের এসিগুলি ঠিকমত কাজ করছেন। সামনে গ্রুমের সময় দ্রুত ভিত্তিতে এসিগুলি মেরামত করা প্রয়োজন। এমতাবস্থায় উপজেলা পরিষদের হলরুম মেরামত এবং এসি মেরামতের জন্য সিদ্ধান্ত গ্রহণের জন্য উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষণ করেন।

সিদ্ধান্ত : সভায় এবিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে উপজেলা পরিষদের হলরুম মেরামত এবং এসি মেরামতের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে প্রকল্পটি বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।

২। উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনটি জরুরী ভিত্তিতে কিছু মেরামত ও সংস্কার করা প্রয়োজন। এবিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করতে উপজেলা পরিষদের সকলের দৃষ্টি আকর্ষণ করেন।

সিদ্ধান্ত : বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন মেরামত ও সংস্কারের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।

(এস.এম.আতাউল হক)

চেয়ারম্যান

উপজেলা পরিষদ

শ্যামনগর, সাতক্ষীরা

ফোন -০৪৭২৬-৪৪২০০

upazilaporishad.shyam@gmail.com